# এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা -দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ২ | ৯ | ৩ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট

সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১. ▶ শোভন ট্রেডার্স রিতা ট্রেডার্সকে মাল ক্রয় বাবদ একটি চেক প্রদান করল যাতে লেখা ছিল, 'কেবলমাত্র রিতা ট্রেডার্সকে প্রদেয়'। অন্যদিকে রিতা ট্রেডার্স যখন শোভন ট্রেডার্সকে চেক প্রদান করে তাতে দুই দাগের মাঝখানে নির্দিষ্ট ব্যাংকের নাম লিখে দেয়। এভাবে তারা তাদের ব্যবসায়িক লেনদেন সম্পন্ন করে।

ক. চেক প্রধানত কত প্রকার? ১

খ. চেকের প্রাপক বলতে কী বোঝায়? ২

গ. শোভন ট্রেডার্স কর্তৃক রিতা ট্রেডার্সকে প্রেরিত চেকটি সম্পর্কে ব্যাখ্যা কর। ৩

ঘ. শোভন ট্রেডার্স কর্তৃক প্রাপ্ত চেকটির ধারণা বিশ্লেষণ কর। ৪

২. ▶ জনাব ফরহাদ একজন স্বনামধন্য ব্যবসায়ী। তিনি ব্যবসায়িক প্রয়োজনে বিভিন্ন ধরনের ঋণ গ্রহণ করেন। ব্যাংক ফরহাদের ঋণ মঞ্জুরের পূর্বে কিছু বিষয় যাচাই করে দেখেন অতঃপর ব্যাংক ম্যানেজার নির্দ্বিধায় ঋণ মঞ্জুর করেন।

ক. ব্যাংক ঋণ কী? ১

খ. ব্যাংকের পূর্বস্বত্ব বলতে কী বুঝায়? ২

গ. ব্যাংক ঋণ মঞ্জুরের পূর্বে ফরহাদের কোন বিষয়গুলো যাচাই করে দেখেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. ব্যাংক ম্যানেজার কর্তৃক নির্দ্বিধায় ফরহাদের ঋণ মঞ্জুর করার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

http://teachingbd.com

৩. ▶ মি: শাফীন একজন ব্যবসায়ী। তিনি বিদেশ থেকে বিভিন্ন ধরনের উন্নতমানের কসমেটিকস এনে দেশে বিক্রি করেন। বিদেশি কসমেটিকস এর বাংলাদেশে অনেক চাহিদা। তাই তিনি এ ব্যবসায়টি করে স্বাচ্ছন্দ্যবোধ করেন। তিনি ব্যাংক প্রত্যয়পত্র খুলছেন এবং আমদানি প্রক্রিয়ায় যথাযথ নিয়ম অনুসরণ করে ব্যবসায় করে যাচ্ছেন।

ক. বিনিময় হার কী? ১

খ. স্থির প্রত্যয়পত্র বলতে কী বোঝায়? ২

গ. মি: শাফীন কোন ধরনের প্রত্যয়পত্রের মাধ্যমে তার ব্যবসায় নিশ্চিন্তে করতে পারবেন— ব্যাখ্যা কর। ৩

ঘ. মি: শাফীন রফতানি প্রক্রিয়ায় যে সকল নিয়ম অনুসরণ করেছেন তা বিশ্লেষণ কর ৪

Teachingbd.com

৪. ▶ রেজওয়ানা চৌধুরীর স্বামী বিদেশে থাকেন। তার স্বামী প্রতি মাসে ডাচ্ বাংলা ব্যাংক এর মাধ্যমে তার হিসাবে টাকা পাঠান। এই ব্যাংকে ইলেকট্রনিক সুবিধা থাকায় টাকা দ্রুত স্থানান্তর করা যায়। তাছাড়া রেজওয়ানা চৌধুরীর পার্লারের ব্যবসা আছে। এই ব্যাংকের মাধ্যমে তিনি যে কোনো সময় ব্যাংকিং সুবিধা গ্রহণ করতে পারেন।

ক. ডেবিট কার্ড কী? ১

খ. অনলাইন ব্যাংকিং বলতে কী বোঝায়? ২

গ. রেজওয়ানা চৌধুরীর ব্যাংকিং ব্যবস্থাটি ব্যাখ্যা কর। ৩

ঘ. ইলেকট্রনিক ব্যাংক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে রেজওয়ানা চৌধুরী যে সকল সুবিধা গ্রহণ করেন তা বিশ্লেষণ কর। ৪

৫. ▶ XY শিপিং কর্পোরেশনের একাধিক জাহাজ বিশ্বের বিভিন্ন দেশে পণ্য সরবরাহ করে থাকে। সারা বছর ঝুঁকি বিদ্যমান থাকায় XY শিপিং কর্পোরেশন একটি বিমা চুক্তি সম্পাদন করেছেন। তাদের একটি জাহাজ বাংলাদেশে আসার

পথে গভীর সমুদ্রে ডোবার উপক্রম হলে ২০ লক্ষ টাকার পণ্য নাবিকগণ সমুদ্রে ফেলে দেন। এতে জাহাজটি রক্ষা পায়।

ক. পণ্য বিমা কী? ১

খ. গড়পড়তা বিমাপত্র বলতে কী বোঝায়? ২

গ. XY শিপিং কর্পোরেশন কোন ধরনের বিমাপত্র ক্রয় করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর, উদ্দীপকে নাবিকদের পণ্য ফেলে দেওয়ার ফলে সৃষ্ট ক্ষতির ঝুঁকি ও বিমাযোগ্য? উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৬. ▶ মি: বড়ুয়া বিমা অফিসে চাকরি করেন। এখানে বিভিন্ন ধরনের ঝুঁকির বিপক্ষে নানা ধরনের বিমা করা হয়। সমুদ্রে জাহাজ চলছে, রাস্তায় গাড়ি চলছে, কারখানায় আগুন লাগতে পারে এ ধরনের নানান বিষয় নিয়ে বিমা করতে আসে মানুষ। বিমা কোম্পানির মুখ্য কর্মকর্তার বিশেষ নির্দেশ হলো অগ্নিবিমা করার ক্ষেত্রে বিমা প্রস্তাবকারীর চরিত্র, সুনাম ইত্যাদি বিশেষভাবে দেখতে হবে। মি: বড়ুয়া ভাবেন, এক্ষেত্রে এটা বিশেষভাবে দেখতে বলার মধ্যে নিশ্চয়ই কারণ রয়েছে।

ক. মূল্যায়িত বিমাপত্র কী? ১

খ. অগ্নিবিমার স্থলাভিষিক্তকরণ নীতি বলতে কী বোঝায়? ২

গ. মি: বড়ুয়া কোন ধরনের বিমা অফিসে চাকুরি করেন— ব্যাখ্যা কর। ৩

ঘ. অগ্নিবিমার ক্ষেত্রে মুখ্য কর্মকর্তার এরূপ বলার পিছনে বিশেষ ঝুঁকির ইঙ্গিত রয়েছে— এ বক্তব্যের যথার্থতা মূল্যায়ন কর। ৪

৭. ▶ চৌধুরী সাহেবের ৫টি বাস আছে। তিনি দুর্ঘটনাজনিত ঝুঁকি এড়াতে ২ লাখ টাকা প্রিমিয়াম পরিশোধ করে বিমা কোম্পানির সাথে ১০ কোটি টাকার একটি চুক্তি সম্পাদন করেন। তার একটি বাসের চালক অসতর্কভাবে গাড়ি চালানোর কারণে অন্য বাসের সাথে ধাক্কা লেগে একজন যাত্রী আহত হয়। বিমা কোম্পানি আহত ব্যক্তিকে ক্ষতিপূরণ প্রদানের নিশ্চয়তা দেয়।

Teachingbd.com

ক. শস্য বিমা কী? ১

খ. চিকিৎসা ও হাসপাতাল ব্যয় বিমা বলতে কী বোঝায়? ২

গ. চৌধুরী সাহেব কোন ধরনের যানবাহন বিমা গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. চৌধুরী সাহেবের উক্ত বিমা করার যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৮. ▶ আলফা ব্যাংক লি: একটি বাণিজ্যিক ব্যাংক। মূলধন স্বল্পতার কারণে ব্যাংকটি প্রতিযোগিতায় টিকে থেকে লাভজনকভাবে আধুনিক ব্যাংকিং কৌশল প্রয়োগ করতে পারছে না। প্রতিযোগিতায় টিকে থাকতে ব্যাংকটি এর ৫১% শেয়ার বিটা ব্যাংক লিমিটেডকে হস্তান্তরের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

ক. বিশেষায়িত ব্যাংক কাকে বলে? ১

খ. 'ব্যাংক ধার করা অর্থের ধারক'— ব্যাখ্যা কর। ২

গ. মূলধনের অভাবে আলফা ব্যাংক লি: এর ক্ষেত্রে ব্যাংকের কোন নীতিটি লঙ্ঘিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. শেয়ার হস্তান্তরের ফলে ব্যাংকটি কোন ব্যাংক ব্যবস্থায় প্রবেশ করবে বলে তুমি মনে করো। ৪

৯. ▶ মেজো কোম্পানি নৌ পথে পণ্য আনা নেয়া করে। তাই পণ্যের নিরাপত্তার কথা ভেবে তিনি একটি বিমা পলিসি গ্রহণ করেন। পণ্য আনা নেয়া করার সময় জাহাজ প্রাকৃতিক দুর্যোগের সম্মুখীন হয়। এমন জাহাজের পণ্য ও জাহাজকে রক্ষার কিছু পণ্য সমুদ্রে নিক্ষেপ করে।

ক. নৌ দায় বিমা কী? ১

খ. ভাসমান বিমাপত্র বলতে কী বুঝ? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে মেজো কোম্পানি কোন ধরনের বিমা পলিসি গ্রহণ করেছেন? বিশ্লেষণ কর। ৩

ঘ. প্রাকৃতিক দুর্যোগ থেকে রক্ষার জন্য মেজো কোম্পানি কোন পদ্ধতি অবলম্বন করেছে বলে তুমি মনে কর? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা -দ্বিতীয় পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট | পূর্ণমান — ৪০ | বিষয় কোড: ২ ৯ ৩

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **ব্যাংকের যাবতীয় কাজকে কী বলা হয়?**
ক রীতিনীতি খ ব্যাংকিং
গ কলাকৌশল ঘ দানশীলরতা

২. **কোন ব্যাংক দেশের কেন্দ্রস্থল থেকে শুরু করে প্রত্যন্ত অঞ্চল পর্যন্ত ছড়িয়ে পড়ে?**
ক কেন্দ্রীয় ব্যাংক খ বিশেষায়িত ব্যাংক
গ বাণিজ্যিক ব্যাংক ঘ আর্থিক প্রতিষ্ঠান

৩. **চীনে ব্যবসা বাণিজ্যের উন্নতির সাথে বৃদ্ধি ঘটে-**
i. অর্থ সংরক্ষণ ii. ঋণদান
iii. লেনদেন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৪. **দেশের শ্রেষ্ঠ সম্পদ হলো—**
ক অর্থ খ বাড়িঘর
গ জনশক্তি ঘ কৃষ্টি

৫. **কেন্দ্রীয় ব্যাংক কখন ঋণের সুদের হার বাড়িয়ে দেয়?**
ক বাজারে প্রচুর ঋণ থাকলে
খ কম ঋণ থাকরে
গ মুদ্রাস্ফীতির কারণে
ঘ দ্রব্যমূল্য বৃদ্ধির কারণে

৬. **একটি ব্যাংকের বিভিন্ন শাখার মধ্যকার লেনদেন নিষ্পত্তি করা হয়—**
ক প্রত্যক্ষ ব্যবস্থার মাধ্যমে
খ পরোক্ষ ব্যবস্থার মাধ্যমে
গ আন্তঃশাখা নিকাশের মাধ্যমে
ঘ আন্তঃব্যাংক নিকাশের মাধ্যমে

৭. **কেন্দ্রীয় ব্যাংক বৈদেশিক বাণিজ্যের উন্নয়নে যে কাজ করে—**
ক পরিকল্পনা বাস্তবায়ন করে
খ তথ্য সরবরাহ করে
গ রিজার্ভ সংরক্ষণ করে
ঘ পরমার্শ প্রদান করে

৮. **বাংলাদেশের প্রথম বেসরকারি বাণিজ্যিক ব্যাংক কোনটি?**
ক ব্যাংক এশিয়া লি.
খ আরব বাংলাদেশ ব্যাংক লি.
গ সিটি ব্যাংক লি.
ঘ ঢাকা ব্যাংক লি.

৯. **ব্যাংকিং ব্যবসায় সুসম্পর্ক থাকা উচিত—**
ক অবলেখকদের সাথে
খ ব্যাংকের গ্রাহকের সাথে
গ শেয়ারহোল্ডারদের সাথে
ঘ নিরাপত্তা কর্মীদের সাথে

**উদ্দীপকটি পড়ো এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও।**
ঢাকা ব্যাংক তার গ্রাহকদের নগদ ঋণ প্রদান না করে আমানত হিসাবের মাধ্যমে ঋণ দেয়, ফলে উক্ত হিসাবে ঋণের অর্থ ক্রেডিট করে। ঋণ গ্রহীতা চেকের মাধ্যমে অর্থ উত্তোলন করে।

১০. **ঢাকা ব্যাংকের ঋণ আমানত কী বৃদ্ধি করে?**
ক মুনাফার হার খ সুদের হার
গ অর্থের উপযোগ ঘ ঋণের পরিমাণ

১১. **ঋণ গ্রহীতা কিসের মাধ্যমে অর্থ উত্তোলন করে?**
ক নগদে
খ ব্যাংক ড্রাফটের মাধ্যমে
গ চেকের মাধ্যমে ঘ কার্ডের মাধ্যমে

১২. **একমালিকানা ও অংশীদারী ব্যবসায়ের হিসাব খোলার ক্ষেত্রে কোনটি প্রযোজ্য?**
ক চুক্তিপত্র ও নিবন্ধন পত্র
খ ট্রেড লাইসেন্স ও চুক্তিপত্র
গ সংঘস্মারক নিবন্ধন পত্র
ঘ পাসপোর্টের সত্যায়িত পত্র

১৩. **সঞ্চয়ী হিসাব খোলে—**
ক নির্দিষ্ট আয়ের লোকজন
খ চলতি আয়ের লোকজন
গ সাধারণ আয়ের লোকজন
ঘ দরিদ্র লোকজন

**উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. X চিংড়ি ব্যবসায় করেন। তিনি চিংড়ি রপ্তানি করে প্রচুর অর্থ আয় করেন। তিনি রপ্তানিকৃত পণ্যের মূল্য ব্যাংকের মাধ্যমে আদায় করেন। যা পরবর্তী সময়ে প্রামাণ্য দলিল হিসেবে কাজ করে।

১৪. **মি. X এর পণ্য মূল্য প্রাপ্তির নিশ্চয়তা কে প্রদান করে।**
ক ক্রেতা খ বিক্রেতা
গ আমদানিকারক ঘ ব্যাংক

১৫. **প্রত্যয়পত্র হলো—**
i. প্রামাণ্য দলিল
ii. মূল্য প্রাপ্তির নিশ্চয়তাপত্র
iii. হস্তান্তরযোগ্য দলিল
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii
গ i ও ii ঘ i, ii ও iii

১৬. **হস্তান্তরযোগ্য দলিল এক ধরনের—**
ক প্রামাণ্য দলিল খ অপরিশোধ্য মাধ্যম
গ শর্তযুক্ত দলিল ঘ আদালতের নির্দেশনামা

১৭. **হস্তান্তরযোগ্য দলিল কার প্রতি লিখিত আদেশ—**
ক প্রাপক কর্তৃক পাওনাদারের
খ প্রাপক কর্তৃক দেনাদারের
গ প্রাপক কর্তৃক ব্যাংকারের
ঘ প্রাপকক কর্তৃক গ্রাহকের

১৮. **হস্তান্তরযোগ্য দলিলের মধ্যে অন্যতম—**
i. চেক ii. বিনিময় বিল
iii. ব্যাংক ড্রাফট
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

Teachingbd.com

উদ্দীপকটি পড়ো এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও।
সুমিতা তার মার কাছ থেকে ঈদ সেলামি হিসেবে ৫০০ ও ১,০০০ টাকা পেলেন। তিনি তার ছোট ভাইকে ১০টি ২ টাকার নোট দিলেন। এতে তার ভাই খুব খুশি।

**১৯. ৫০০ টাকার নোটটি কোন ধরনের নোট?**
ⓚ সরকারি নোট ⓚ ব্যাংক নোট
ⓖ বেসরকারি নোট ⓖ ডেবিট নোট

**২০. সুমিত তার ভাইকে কোন ধরনের নোট দিয়েছেন?**
ⓚ বেসরকারি নোট ⓚ ব্যাংক নোট
ⓖ সরকারি নোট ⓖ ক্রেডিট নোট

**২১. দুই দাগের মধ্যে লেখা নিচের কোনটি বিশেষভাবে দাগকাটা চেকের বৈশিষ্ট্য?**
ⓚ প্রাপকের হিসাব ⓚ হস্তান্তরযোগ্য নয়
ⓖ ব্যাংকের নামোল্লেখ ⓖ কিছুই না লেখা

**২২. চেকে জালিয়াতি ও প্রতারণার বিরুদ্ধে রক্ষাকবচ হলো—**
i. নমুনা স্বাক্ষর যথাযর্থভাবে মিলানো
ii. প্রাপকের যথার্থতা নিরূপণ
iii. চেকের শুদ্ধতা যাচাই
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**২৩. বাণিজ্যিক ব্যাংককে যে মেয়াদি ঋণদান থেকে বিরত থাকা উচিত?**
ⓚ স্বল্পমেয়াদি ⓚ দীর্ঘমেয়াদি
ⓖ মধ্যমেয়াদি ⓖ বছর মেয়াদি

**২৪. ঋণের জামানত ঋণ গ্রহীতাকে --- হিসেবে গড়ে তোলে।**
ⓚ দানশীল ⓚ দায়িত্বশীল
ⓖ রুচিশীল ⓖ সামর্থ্যবান

**২৫. পূর্বস্বত্ব মূলত সম্পত্তির—**
ⓚ সেভিংস সার্টিফিকেট ⓚ বিনিয়োগ
ⓖ মালিকানায় দলিল ⓖ ব্যাংকের দলিল

**২৬. ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করার জন্য যে ব্যাংকের নীতিমালা মেনে চলতে হয়—**
ⓚ কেন্দ্রীয় ব্যাংকের ⓚ সোনালী ব্যাংকের
ⓖ রূপালী ব্যাংকের ⓖ জনতা ব্যাংকের

**২৭. বিদেশ ভ্রমণে যাবেন। তার জন্য বিদেশে অর্থ প্রেরণের উপায় হলো—**
i. বৈদেশিক বিনিময় বিল
ii. ভ্রমণকারীর চেক
iii. আন্তর্জাতিক ক্রেডিট কার্ড
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**২৮. বৈদেশিক বিনিময় কী?**
ⓚ দুটি দেশের মধ্যে সম্পর্ক প্রতিষ্ঠা
ⓚ দুটি দেশের মধ্যে দ্রব্যের বিনিময়
ⓖ আন্তঃদেশিয় লেনদেন পদ্ধতি
ⓖ দুটি দেশের মুদ্রার বিনিময়

**২৯. প্রাপ্য বিল ভাঙানোর মাধ্যমে অর্থায়নের পদ্ধতিকে কী বলে?**
ⓚ L/C ⓚ ফ্যাক্টরিং
ⓖ ফোরফেটিং ⓖ বিনিময় বিল

**৩০. পণ্য সরবরাহের সব শর্ত পূরণের পর রপ্তানিকারক আমাদনিকারককে অর্ডার গ্রহণের স্বীকৃতি জানায়-**
ⓚ মৌলিকভাবে ⓚ ডাকের মাধ্যমে
ⓖ ই-মেইল করে ⓖ লিখিতভাবে

**৩১. ডেবিট কার্ডকে বলা হয়—**
i. ক্যাশ কার্ড
ii. স্মার্ট কার্ড
iii. সম্পদ কার্ড
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৩২. মোবাইল ব্যাংকিং হচ্ছে—**
ⓚ একক ব্যাংকিং ⓚ শাখা ব্যাংকিং
ⓖ শাখাবিহীন ব্যাংকিং ⓖ গ্রুপ ব্যাংকিং

**৩৩. মানুষের জীবন-জীবিকা যেখানে থাকে, —সেখানে থাকে।**
ⓚ ঝুঁকির ⓚ দুর্ঘটনার
ⓖ বিপদর ⓖ অনিশ্চয়তার

**৩৪. স্বল্প আয়ের মানুষের জন্য কোন বিমা উপযোগী?**
ⓚ ব্যক্তিগত বিমা ⓚ জীবন বিমা
ⓖ শস্য বিমা ⓖ সামাজিক বিমা

**৩৫. বিমাকৃত বিষয়বস্তুর ক্ষতিপূরণের প্রতিশ্রুতির প্রতিদানকে বলে—**
ⓚ বার্ষিক মূল্য ⓚ বোনাস
ⓖ প্রিমিয়াম ⓖ সমর্পণ

**৩৬. জাহাজকে হাল্কা করার জন্য কিছু পণ্য সমুদ্রে ফেলে দেয়া হলে তাকে কী বলে?**
ⓚ ত্যাগ স্বীকার ⓚ গচ্চা
ⓖ উদ্ধার সংক্রান্ত খরচ ⓖ বিশেষ খরচ

**৩৭. কোনটি নৌ বিমা চুক্তির অব্যক্ত শর্ত?**
ⓚ সমুদ্র যাত্রার তারিখ
ⓚ যাত্রার বৈধতা
ⓖ বিমাকৃত সম্পদের নিরপেক্ষতা ঘোষণা
ⓖ রক্ষীবহর সাথে থাকা

**৩৮. নৌ পথে সবচেয়ে বড় বিপদ বলে গণ্য করা হতো—**
ⓚ পণ্য নিক্ষেপ ⓚ বিস্ফোরণ
ⓖ জলদস্যুতা ⓖ রণতরী

**৩৯. অগ্নিজনিত ক্ষতির প্রাকৃতিক কারণের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে—**
i. ত্রুটিপূর্ণ নির্মাণ কাঠামো
ii. সম্পদের দাহ্য প্রকৃতি
iii. তাপ ও বৈদ্যুতিক গোলযোগ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৪০. গবাদিপশু বিমাতে নৈতিক ঝুঁকির মাত্রা কেমন?**
ⓚ কম ⓚ বেশি
ⓖ নেই বললেই চলে ⓖ অনেক বেশি

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ⓚ | ২ | ⓖ | ৩ | ⓖ | ৪ | ⓖ | ৫ | ⓖ | ৬ | ⓖ | ৭ | ⓚ | ৮ | ⓚ | ৯ | ⓚ | ১০ | ⓖ | ১১ | ⓖ | ১২ | ⓚ | ১৩ | ⓚ | ১৪ | ⓖ | ১৫ | ⓖ | ১৬ | ⓚ | ১৭ | ⓖ | ১৮ | ⓖ | ১৯ | ⓚ | ২০ | ⓖ |
| | ২১ | ⓖ | ২২ | ⓖ | ২৩ | ⓚ | ২৪ | ⓚ | ২৫ | ⓖ | ২৬ | ⓚ | ২৭ | ⓖ | ২৮ | ⓖ | ২৯ | ⓚ | ৩০ | ⓖ | ৩১ | ⓚ | ৩২ | ⓚ | ৩৩ | ⓚ | ৩৪ | ⓚ | ৩৫ | ⓖ | ৩৬ | ⓚ | ৩৭ | ⓚ | ৩৮ | ⓖ | ৩৯ | ⓖ | ৪০ | ⓚ |

Teachingbd.com

http://teachingbd.com